

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ০৩ ব্যাচে “অডিটের প্রেক্ষাপট ও অডিট অভজারভেশন নিষ্পন্নকরণ”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০৪। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ০৩ ব্যাচে “অডিটের প্রেক্ষাপট ও অডিট অভজারভেশন নিষ্পন্নকরণ”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কাজ দক্ষতার সাথে ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য ঢাকা ওয়াসা বিভিন্ন অফিস/বিভাগ/জোন এ কর্মরত প্রতি ব্যাচে ৩৫ জন হিসেবে মোট ১০৫ (একশত পাঁচ) জন কর্মকর্তাকে (পত্র ক্রমিক নং-১৩) ০৩ ব্যাচে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত কোর্সে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর এর মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে কর্মশালার প্রোগ্রাম (পত্র ক্রমিক নং-১৪) প্রণয়ন করা হয়েছে। ০৩ ব্যাচের উক্ত প্রশিক্ষণ কর্মশালা যথাক্রমে আগামী ১৭-১৮ মে ২০২৬ (১ম ব্যাচ), ০৩-০৪ জুন ২০২৬ (২য় ব্যাচ) এবং ০৭-০৮ জুন ২০২৬ (৩য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে শীতলক্ষ্যা মাল্টিপারপাস হল, ওয়াসা ভবন এ আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণ কর্মশালার ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ১০৫ (একশত পাঁচ) জন কর্মকর্তার মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন কর্মকর্তা যৌক্তিক কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপরগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে। কর্মশালাটিতে বক্তৃতা প্রদানের জন্য স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর এর মহাপরিচালক মহোদয়সহ অডিট আপত্তি ও নিষ্পত্তির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে।

০৫। দুই দিন মেয়াদী ০৩ ব্যাচে ১০৫ (একশত পাঁচ) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	১,২৯,৬০০/-	(৭ সেশন ৩,৬০০/- টাকা হারে+৬ সেশন ৩,০০০/- টাকা হারে)×৩ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	১,৬৮,০০০/-	(৩৫ জন ৮০০/- হারে ২দিন) × ৩ ব্যাচ
(গ) কোর্স পরিচালকের সম্মানী	১২,০০০/-	(২,০০০/- টাকা হারে
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৯,০০০/-	(১,৫০০/- টাকা হারে ২দিন) × ৩ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১২,০০০/-	(৩ জন ১,০০০/- টাকা হারে ২দিন) × ৩ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	১,৫৬,৬০০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৪৫ জন ৫৮০/- টাকা হারে ২দিন) × ৩ ব্যাচ
(ছ) পানি	৯,৭২০/-	(আধা লিটার ১২ কেস ১৩৫/- টাকা হারে ২দিন) × ৩ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৪৭,২৫০/-	০৩ ব্যাচের ১০৫ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	১৫,০০০/-	০৩ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৫,৫৯,১৭০/-	(কথায়ঃ টাকা পাঁচ লক্ষ ঊনষাট হাজার একশত সত্তর মাত্র)

০৬। এমতাবস্থায়, “অডিটের প্রেক্ষাপট ও অডিট অভজারভেশন নিষ্পন্নকরণ”-শীর্ষক প্রশিক্ষণের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য ১০৫ (একশত পাঁচ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণের প্রোগ্রাম এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৫,৫৯,১৭০/- (পাঁচ লক্ষ ঊনষাট হাজার একশত সত্তর মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

০৬/০৫/২৬

মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চ: দাঃ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

০৬/০৫/২৬
DMD(HR&A)

মোঃ মিজানুল হক
(অতিরিক্ত দায়িত্ব)
উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

০৬/০৫/২৬
DCTO
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

০৬/০৫/২৬
DMD